গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম।
(এনজিও সেল)
www.chittagong.gov.bd

মুজিব বর্ষ 100

এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী:-

সভাপতি : জনাব আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামান, জেলা প্রশাসক, চট্টগ্রাম।
সভার স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, চট্টগ্রাম।
তারিখ : ১২ মে, ২০২৪ খ্রি.।
সময় : বেলা ০৩.৩০ ঘটিকা।
উপস্থিত সদস্যদের তালিকা : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

চট্টগ্রাম জেলার এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভায় উপস্থিত বিভিন্ন দপ্তরের প্রতিনিধিবৃন্দ, এনজিও সংস্থাসমূহের প্রধান ও প্রতিনিধিগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতপর বিগত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি ও অদ্যকার সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনার জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চট্টগ্রামকে অনুরোধ করা হয়। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চট্টগ্রাম বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। কোনো সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অত:পর এনজিও সংস্থাসমূহ কর্তৃক গৃহীত ও বাস্তবায়িত কার্যাবলি আলোচনা করার জন্য উপস্থিত সকলকে অনুরোধ করা হয় এবং নিম্নবর্ণিত আলোচনা ও সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্রম | আলোচ্য বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ | বিগত ১৮.০৪.২০২৪ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় এবং কোনরূপ সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কার্যবিবরণী অনুমোদিত। | জেলা প্রশাসন চট্টগ্রাম। |
| ২ | আলোচনার শুরুতে জেলা প্রশাসক ও সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, বাংলাদেশের উন্নয়নে আমাদের প্রায় অর্ধশত শতাব্দীর যাত্রার জন্য আমরা সত্যিই গর্বিত। এটি আমাদের সার্বিক চমকপ্রদ অর্থনৈতিক প্রবৃদ্ধিতে দৃশ্যমান। কৃষি খাতে বৈচিত্র্য দৃশ্যমান। শিল্প খাতের অগ্রগতিও আশাব্যঞ্জক। অবকাঠামোতে ভালো রকমের উন্নতি হয়েছে। আরো তাৎপর্যপূর্ণভাবে উন্নয়ন ঘটেছে মানুষের জীবনমানে ও মানব উন্নয়ন সূচকে। তিনি বলেন এই ধারাকে অব্যাহত রাখতে হলে আমাদের সকলকে সচেতনতা ও মানবিক মূল্যবোধ থেকে দেশ ও মানুষের কল্যাণে যেকোন ধরনের মহৎ কাজে এগিয়ে আসতে হবে। সামনে বর্ষা মৌসুম আসছে। যত্রতত্র ময়লা আর্বজনা ফেলে আমরা ড্রেন নালা সবকিছু ভরিয়ে রাখছি। সামান্য বৃষ্টি হলে রাস্তাঘাট সবকিছু ডুবিয়ে যায়। অবশেষে আমরাই ভোগান্তিতে পড়ি। নিজেদের সমস্যা নিজেরাই সৃষ্টি করি। আমাদের চারপাশের পরিবেশ আমাদেরকে পরিছন্ন রাখতে হবে। বর্ষাকালে অনেক সময় বাসায় বা আশে পাশের খালি জায়গায় পানি জমে থাকে যেখান থেকে ডেঙ্গু মশার জন্ম হয়। প্রতি বছর ডেঙ্গু আক্রান্ত হয়ে অনেক মানুষ মৃত্যুবরণ করেন। বাড়ীর আশেপাশের কোথাও যাতে পানি না জমে সেদিকে খেয়াল রাখার জন্য তিনি সকলের প্রতি অনুরোধ করেন। তিনি বলেন, আমরা আমাদের আগামী প্রজন্মের জন্য একটি সুন্দর পৃথিবী রেখে যেতে চাই এজন্য আমাদের সকলকে ঐক্যবদ্ধ ভাবে আন্তরিকতার সাথে কাজ করতে হবে। তিনি বলেন, বাংলাদেশে এনজিও সংস্থা সমূহের অবদান অপরিসীম। সকলকে সচেতনতা ও মানবিক মূল্যবোধ থেকে দেশ ও মানুষের কল্যাণে যেকোন ধরনের মহৎ কাজে এগিয়ে আসার জন্য সকলের প্রতি অনুরোধ জানান। | চট্টগ্রাম কর্মরত এনজিও সংস্থা সমূহকে যত্রতত্র ময়লা আর্বজনা ফেলে নালা ভরাট না করতে ও বর্ষার পূর্বে বাসার আশেপাশে খালি স্থানে পানি জমে ডেঙ্গু মশার বংশবৃদ্ধি পায় এমন কার্যক্রম থেকে বিরত রাখতে এনজিও সংস্থা কর্তৃক জনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রশাসন ও এনজিও (সকল) চট্টগ্রাম। |
| ৩ | জনাব রাকিব হাসান, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), চট্টগ্রাম সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, বিগত সভায় আলোচনায় তীব্র তাপমাত্র বৃদ্ধি প্রসঙ্গে আলোচনা করেছিলাম। আমরা অতীতের অভিজ্ঞতা থেকে | ঘূর্ণিঝড়/জলবায়ু পরিবর্তন জনিত প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলায় এনজিও সংস্থাসমূহকে পূর্ব | এনজিও (সকল) চট্টগ্রাম। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | অনুমান করতে পারি প্রতি বছর এরকম তীব্র তাবদাহের ফলে নিম্নচাপের সৃষ্টি হয়। তাছাড়াও মে-জুন মাস সাধারণত ঘূর্ণিঝড় বা জলবায়ু পরিবর্তন জনিত প্রাকৃতিক দুর্যোগ দেখা দেয়। তিনি সকলকে এই বিষয়ে পূর্ব প্রস্তুতি নেওয়ার জন্য ও সতর্ক থাকার আহবান জানান। বিশেষ করে যে সকল সংস্থা Disaster নিয়ে কাজ করে তাদেরকে বিভিন্ন দিক নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন ক্ষুদ্র আয়তনের একটি উন্নয়নশীল দেশ হয়েও বাংলাদেশ ইতোমধ্যে সারা বিশ্বের নিকট প্রাকৃতিক দুর্যোগে সকলের সমন্বিত ব্যবস্থাপনায় দুর্যোগে ক্ষয়ক্ষতি ও মানুষের মৃত্যুর হার কমিয়ে আনা, দারিদ্র্য দূরীকরণ, বৃক্ষরোপণ, সামাজিক ও অর্থনৈতিক সূচকের ইতিবাচক পরিবর্তন প্রভৃতি ক্ষেত্রে অনুকরণীয় দৃষ্টান্ত হয়ে দাঁড়িয়েছে। এর ধারাবাহিকতা আমাদেরকে বজায় রাখতে হবে। তিনি সকলের সুস্বাস্থ্য কামনা করে বক্তব্য শেষ করেন। | প্রস্তুতি নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৪. | আলোচনায় সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, এনজিও সেল, চট্টগ্রাম সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন এনজিও সংস্থাসমূহ সমাজের বিভিন্ন অসঙ্গতি দূর করা ও বিভিন্ন ক্ষেত্রে পিছিয়ে পড়া মানুষের আর্থসামাজিক উন্নয়নে কাজ করে যাচ্ছে। সেই উন্নয়নের ধারা অব্যাহত রাখতে জিও এবং এনজিও'র সমন্বয় সাধন করার জন্য এনজিও সমন্বয় সভা। এই সভার মাধ্যমে আমরা একে অন্যের কার্যক্রম, সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে অবগত হই। এনজিও সংস্থামসূহ দেশের সামগ্রিক উন্নয়নে সহযোগিতামূলক ও মানবিক দিক বিবেচনায় এবং দেশের আর্থ-সামজিক কল্যাণ নিশ্চিত হয় এ সমস্ত কাজে এগিয়ে আসার জন্য সকলকে আহবান জানান। সঠিক পরিকল্পনার মাধ্যমে ও সকলের জন্য ইতিবাচক হয় এমন কার্যক্রম বাস্তবায়নে আমাদের সকলকে মনোনিবেশ করতে হবে। আপনারা যারা মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়ন করেন বিশেষ করে যারা গ্রামাঞ্চলে কার্যক্রম বাস্তবায়ন করছেন তাদের সার্বিক বিষয়ে জেলা প্রশাসন অবগত। মাঠ পর্যায়ে কার্যক্রম বাস্তবায়নে সমাজের অনগ্রসর জনগোষ্ঠীকে অগ্রাধিকার প্রদানের বিষয়টি অব্যাহত রাখার প্রতি গুরুত্বারোপ করেন। তিনি বলেন ২০৪১ সালের স্মার্ট বাংলাদেশ হবে সাশ্রয়ী, প্রযুক্তিনির্ভর, টেকসই, বুদ্ধিভিত্তিক এবং উদ্ভাবিত বাংলাদেশ। সে জন্য বিজ্ঞান ও প্রযুক্তি শিক্ষার কোনো বিকল্প নেই। তা না হলে পিছিয়ে পড়ব আমরা। | স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে সরকারের পাশাপাশি সকল এনজিও সংস্থাকে সরকারি সকল দপ্তরের সাথে সমন্বয় সাধন করে নিরলসভাবে কাজ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা প্রশাসন ও এনজিও (সকল) চট্টগ্রাম। |
| ৫. | চট্টগ্রাম জেলা এনজিও সমন্বয়ক ও স্বপ্নীল ব্রাইট ফাউন্ডেশন এর নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ আলী শিকদার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, যেসকল সংস্থা এখনও পর্যন্ত Web Portal ব্যবহার করার জন্য তাদের স্ব স্ব প্রতিষ্ঠানের পাসওয়ার্ড আইডি নম্বর পায়নি অথবা Web Portal সংক্রান্ত অন্য কোন ধরনের সমস্যা পরিলক্ষিত হচ্ছে তাদেরকে Web Portal Developer প্রতিষ্ঠান Coders Lab এর ম্যানিজিং ডাইরেক্টর মি: রাফির সাথে আগ্রাবাদে অফিস সময়ের মধ্যে যোগাযোগ করার জন্য অনুরোধ করেন। মোবাইল নম্বর: ০১৪০০-৪১১৫১৫। তিনি সকলের অবগতির জন্য বলেন, Web Portal প্রতিষ্ঠানের সাথে আমাদের ৬ মাসের একটি চুক্তি করা হয়। গত ১৫ডিসেম্বর থেকে আগামী ১৫জুন ২০২৪ পর্যন্ত সময়ের জন্য। এই নিদ্দিষ্ট সময়ের মধ্যে Web Portal সংক্রান্ত যেকোন ধরনের সমস্যা সমাধান করার জন্য তিনি প্রতিশ্রুতিবদ্ধ। উক্ত সময়ের পরে তিনি যেকোন ধরনের কাজের জন্য চার্জ করতে পারেন। তাই তিনি সকলের প্রতি অনুরোধ করেন যদি Web Portal বিষয়ে কারো কোনো কিছু জানার থাকে বা সমস্যা থাকে তাহলে আগামী ১৫ জুনের মধ্যে যেন সরাসরি Web Portal অফিসে যোগাযোগ করে সমাধান করে নেন। এছাড়া যেসকল এনজিও প্রতিনিধি | Web Portal ব্যবহার সংক্রান্ত যেকোন ধরনের সমস্যা পরিলক্ষিত হলে আগামী ১৫ জুন ২০২৪ খ্রি. মধ্যে Web Portal Developer প্রতিষ্ঠান এর সাথে যোগাযোগ করে সমাধান করার সিদ্ধান্ত গৃহিত হয়। | এনজিও (সকল) চট্টগ্রাম। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| | Web Portal কমিটির সদস্য হিসেবে আছেন তাদের সঙ্গে একত্রে বসে Web Portalএর সমস্যাগুলো সমাধান করতে পারবেন। তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি বক্তব্য শেষ করেন। | | |
| ৬. | জনাব সোহাইল উদ দোজা, ব্যবস্থাপক (কর্মসূচি), ব্রাইট বাংলাদেশ ফোরাম সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, ব্রাইট বাংলাদেশ ফোরাম(বিবিএফ) মৎস্যজীবী (ফিশার ফোক) ও মৎস্যখাতে কর্মরত নারীদের সামাজিক ও আইনগত অধিকার সম্পর্কে অবহিতকরণ, আইনী অভিগম্যতা নিশ্চিতকরণ, পেশাগত স্বাস্থ্য ঝুঁকি থেকে সুরক্ষা, কর্মক্ষেত্র সহ সর্বস্তরে নারীঘটিত সহিংসতা নিরসন, কর্মক্ষেত্রে বৈষম্য হ্রাস, জীবন-জীবিকার মানোন্নয়নে বিকল্প উদ্যোগ, সরকারি সোশাল সেফটিনেট এর সকল সেবার আওতায় আনা তথা ক্ষমতায়নে অক্সফাম ইন বাংলাদেশ ও ইউরোপীয় ইউনিয়নের সহযোগিতায় "এমপাওয়ারমেন্ট অব্ ফিশার উইমেন ইন কোস্টাল চট্টগ্রাম এন্ড কক্সবাজার-ইএফসিসিসি" প্রকল্প সম্প্রতি সমাপ্ত করেছে। প্রকল্পের আওতায় লক্ষাধিক জনগোষ্ঠীকে সংশ্লিষ্ট সরকারি দফতরসমূহের সাথে লিংকেজ করিয়ে দেওয়া হয়েছে এবং স্থানীয় পর্যায়ে রেফারেল প্রক্রিয়া অব্যাহত আছে। প্রকল্পের অধীনে মৎস্যখাতে নিয়োজিত নারীদের বর্তমান অবস্থা জানতে একটি বেইজলাইন জরিপ এবং পেশাগত স্বাস্থ্যঝুঁকির উপর একটি গবেষণা সম্পন্ন করা হয়েছে। মৎস্যখাতে নিয়োজিত নারীদের উন্নয়ন কাজে আগ্রহী সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানসমূহ জরিপ ও গবেষণায় প্রাপ্ত তথ্য সেকেন্ডারী তথ্য হিসেবে ব্যবহার করতে পারবেন। বিবিএফ প্রত্যাশা করে, সরকারি সংশ্লিষ্ট দফতরসমূহ বিশেষ করে মৎস্যবিভাগ, স্বাস্থ্য ও আইনীসেবা প্রদানকারী দফতরসমূহ এবং প্রশিক্ষণ ও সেবা সংস্থাসমূহ প্রান্তিক মানুষদের সেবা প্রদানে ইতিবাচক হবে। | সংস্থাটিকে কার্যক্রম অব্যাহত রাখার পরামর্শ দেওয়া হয়। | সংশ্লিষ্ট এনজিও, চট্টগ্রাম। |
| ৭. | টিআইবি চট্টগ্রাম এর এরিয়া কো-অর্ডিনেটর মোহাম্মদ তৌহিদুল ইসলাম বলেন, টিআইবি সারাদেশের ৪৫ টি জেলায় এক যোগে একই লক্ষ্য উদ্দেশ্য বাস্তবায়নে "পার্টিসিপেটরি অ্যাকশন এগেইনস্ট করাপশন: টুওয়ার্ডস ট্রান্সপারেন্সি অ্যান্ড অ্যাকাউন্টেবিলিটি - প্যাকটা" নামক প্রকল্প বাস্তবায়নের লক্ষে কাজ করছে।<br>প্রকল্প লক্ষ্য টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি) অর্জনের জন্য দুর্নীতি হ্রাস এবং সেবা প্রদান কার্যক্রমে শুদ্ধাচার বৃদ্ধি। চট্টগ্রাম মহানগর এলাকায় সক্রিয় দল গঠনের মাধ্যমে নির্বাচিত সেবাদানকারী প্রতিষ্ঠান, প্রাথমিক শিক্ষা অফিস পাঁচলাইশ, চট্টগ্রাম, প্রাথমিক শিক্ষা অফিস ডবলমুরিং, চট্টগ্রাম, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চট্টগ্রাম, সহকারি কমিশনার (ভূমি), সদর সার্কেল, চট্টগ্রাম মহানগর, সহকারি কমিশনার (ভূমি), কাট্টলী সার্কেল, চট্টগ্রাম মহানগর, উপরোক্ত প্রতিষ্ঠানের সেবার মানোন্নয়নের লক্ষ্যে প্যাক্ট অ্যাপস নামক বিশেষায়িত অ্যাপস ব্যবহার করে, অ্যাপভিত্তিক কমিউনিটি মনিটরিং অ্যাপভিত্তিক কমিউনিটি পরিবীক্ষণের জন্য প্রচার ও মোবিলাইজেশন দক্ষতা উন্নয়ন প্রমাণ নির্ভর অ্যাডভোকেসি কার্যক্রম পরিচালনা করছে। এই লক্ষ্যে চট্টগ্রাম মহানগর এলাকার সংশ্লিষ্ট কর্মএলাকায় কার্যক্রম পরিচালনারত বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা সমূহের কর্মী ও বিভিন্ন কমিউনিটি বেইজড সংস্থার (২০-৫০) বছর বয়সের কর্মীগণ সক্রিয় দলে যোগদানের সুযোগ রয়েছে। উপরোক্ত খাতে কার্যক্রম পরিচালনাকারী সংস্থা সমূহের কমিউনিটি ভিত্তিক সভা/উঠান বৈঠক যৌথ আয়োজনে আগ্রহী প্রতিষ্ঠানের সহযোগিতা প্রত্যাশা করছি। | সংস্থাটিকে কার্যক্রম অব্যাহত রাখার পরামর্শ দেওয়া হয়। | সংশ্লিষ্ট এনজিও, চট্টগ্রাম। |

Scanned with CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৮. | এনজিও সংস্থা 'ইমপ্যাক্ট ইনিশিয়েটিভ' কর্তৃক একটি তথ্যসমৃদ্ধ পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করা হয়। এনজিও সংস্থা 'বাংলাদেশ ইয়ুথ লিডারশীপ সেন্টার (বিওয়াইএলসি)' কর্তৃক আগামী জুন, ২০২৪ এর জেলা এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সভার পক্ষ থেকে এনজিও সংস্থা 'ইমপ্যাক্ট ইনিশিয়েটিভ' কে ধন্যবাদ দেওয়া হয়। | সংশ্লিষ্ট এনজিও, চট্টগ্রাম। |

পরিশেষে বেসরকারি উন্নয়ন সংস্থা সমূহকে দেশ ও জাতির কল্যাণে নিয়োজিত থেকে সমাজের অবহেলিত সুবিধা বঞ্চিত ও পিছিয়ে পড়া জনগোষ্ঠিকে স্বাভাবিক জীবন ফিরিয়ে আনার লক্ষ্যে দক্ষতা উন্নয়ন ও সেবামূলক কাজে এগিয়ে আসার আহবান জানানো হয়।

সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

৬/৬/২৪

আবুল বাসার মোহাম্মদ ফখরুজ্জামান
জেলা প্রশাসক
চট্টগ্রাম।

ফোন: ০২-৩৩৩৩৬৯৯৯৬ ফ্যাক্স: ০৩১-৬৩৫২৭২ ,০৩১-৬২০৫৭০
ইমেইল: dcchittagong@mopa.gov.bd

স্মারক নং -০৫.৪২.১৫০০.২০৮.১২.০০৩.২০২২- ২০৫

তারিখ: ২১ জ্যৈষ্ঠ ১৪৩১ বঙ্গাব্দ
০৩ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি : সদয় অবগতি / কার্যার্থে প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ভিত্তিতে নহে):

১. মহাপরিচালক (গ্রেড-১), এনজিও বিষয়ক ব্যুরো, প্রধানমন্ত্রীর কার্যালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ , চট্টগ্রাম।
৩. পুলিশ সুপার, চট্টগ্রাম।
৪. সিভিল সার্জন, চট্টগ্রাম।
৫ . উপ-পরিচালক ,স্থানীয় সরকার , চট্টগ্রাম।
৬. উপ-পরিচালক, জেলা সমাজসেবা অফিস, চট্টগ্রাম।
৭. উপ-পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস, চট্টগ্রাম।
৮. উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা / যুব উন্নয়ন অফিস, চট্টগ্রাম।
৯. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অফিস, চট্টগ্রাম।
১০. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অফিস, চট্টগ্রাম।
১১. উপজেলা পরিষদ চেয়ারম্যান, ............ (সকল), চট্টগ্রাম।
১২. উপজেলা নির্বাহী অফিসার, ................ (সকল), চট্টগ্রাম।
১৩. জেলা সমবায় কর্মকর্তা, চট্টগ্রাম।
১৪. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
১৫. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
১৬. জেলা ত্রাণ ও পূনর্বাসন কর্মকর্তা, চট্টগ্রাম।
১৭. জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, চট্টগ্রাম।
১৮. সহকারী পরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, চট্টগ্রাম।
১৯. গোপনীয় সহকারী, (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২০. ........................................ এনজিও (সকল), চট্টগ্রাম।
২১ .অফিস কপি।

০৩.০৬.২০২৪

আফরিন ফারজানা পিংকি
সহকারী কমিশনার
এনজিও সেল
চট্টগ্রাম।

Scanned with CamScanner